

**ভর্তি সনদ বিজ্ঞপ্তি**

ত্রিপুরার সাধারণ ডিগ্রী কলেজে ভর্তি হতে ইচ্ছুক উচ্চ মাধ্যমিক (১০+২)/সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের জানানো হচ্ছে যে, নিম্নোক্ত নির্ধারিত অনুসারে ত্রিপুরার সকল সাধারণ ডিগ্রী কলেজে ২০১৮-১৯ ইং শিক্ষা বর্ষে বিভিন্ন অনার্স এবং জেনেরাল কোর্সে বি এ/বি এস সি/বি কম প্রথম বর্ষে প্রথম সেমিস্টার এ ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হবে। ছাত্র-ছাত্রীদেরকে নিম্নোক্ত সূচী অনুযায়ী অনলাইন-এ আবেদন করা এবং অন্যান্য নিয়মাবলী অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট কলেজে যোগাযোগ করতে নির্দেশ দেওয়া হচ্ছে।

১)	অনলাইন ভর্তির আবেদন (প্রিন্ট কপি) ও পূরন করা দরখাস্ত জমার তারিখ	:	০৭-০৬-২০১৮ ইং হইতে ২০-০৬-২০১৮ ইং
২)	কলেজ কর্তৃক দরখাস্ত পরীক্ষার তারিখ	:	২১-০৬-২০১৮ ইং হইতে ২৮-০৬-২০১৮ ইং
৩)	মেধা অনুসারে নির্বাচিত এবং অপেক্ষামান ছাত্র-ছাত্রীদের তালিকা প্রকাশের তারিখ	:	০২-০৭-২০১৮ ইং
৪)	ভর্তির তারিখ	:	০৩-০৭-২০১৮ ইং হইতে ০৭-০৭-২০১৮ ইং ১) কলেজ কর্তৃক (বিজ্ঞাপিত) নির্ধারিত ভর্তির সূচী অনুসারে ভর্তি হবে এবং ২) ডিগ্রী কলেজের জন্য প্রকাশিত কনফার্ম লিস্ট এর ছাত্র-ছাত্রীদের ০৩-০৭-২০১৮-ইং এবং ০৪-০৭-২০১৮ ইং মধ্যে ভর্তি হতে হবে।
৫)	ক্লাশ শুরু হবে	:	১০-০৭-২০১৮ ইং

বিশেষ দৃষ্টব্য :-

- ১) একজন ছাত্র বা ছাত্রী একাধিক কলেজে দরখাস্ত জমা দিতে এবং নির্বাচিত হতে পারে, কিন্তু সে একাধিক কলেজে ভর্তি হতে পারবে না।
- ২) ছাত্র-ছাত্রীরা ভর্তির ফর্ম অনলাইন-এ (<http://www.highereducation.tripura.gov.in>) পূরন করার পর download করে প্রিন্ট কপিসহ মার্কশীট ও অন্যান্য সার্টিফিকেটের কপি সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে।
- ৩) ভর্তির ব্যাপারে কলেজ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত (বিজ্ঞপ্তি) সুনির্দিষ্ট সূচী অনুসারে ভর্তি নেওয়া হবে। এ ব্যাপারে ছাত্র-ছাত্রীদের অবশ্যই সংশ্লিষ্ট কলেজে যোগাযোগ করে সময়মত পদক্ষেপ নিতে হবে।
- ৪) কলেজ কর্তৃক কনফার্ম লিস্ট বিজ্ঞপ্তি জারী করা হবে। সেই অনুযায়ী ছাত্র-ছাত্রীদের ভর্তি হতে হবে।
- ৫) অনার্স এর ক্ষেত্রে দুইটির বেশী বিষয়ে অগ্রাধিকার (প্রেফারেন্স) দেওয়া যাবে না।
- ৬) ভর্তির সময় ছাত্র-ছাত্রীদের অবশ্যই Original School Leaving Certificate জমা দিতে হবে।